# জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১

( ১৯৯১ সনের ৯ নং আইন )

**জাতীয় মহিলা সংস্থা প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন৷**

যেহেতু মহিলাদের সার্বিক কল্যাণকল্পে জাতীয় মহিলা সংস্থা নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

এবং যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ আইন প্রণয়ন ও জারী করিলেন :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১৷ এই আইন জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "সংস্থা" অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত জাতীয় মহিলা সংস্থা;

(খ) "পরিষদ" অর্থ ধারা ৮ এর অধীন গঠিত পরিচালনা পরিষদ;

(গ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঘ) "জেলা কমিটি" অর্থ সংস্থার জেলা কমিটি;

(ঙ) "উপজেলা কমিটি" অর্থ সংস্থার উপজেলা কমিটি৷

**জাতীয় মহিলা সংস্থা প্রতিষ্ঠা**

৩৷ (১) এই আইন বলবত্ হইবার পর সরকার, যতশীঘ্র সম্ভব, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জাতীয় মহিলা সংস্থা নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করিবে৷

(২) সংস্থা একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই অধ্যাদেশ ও বিধি সাপেক্ষে উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং উহার নামে উহা মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে৷

**প্রধান কার্যালয়**

৪। সংস্থার প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

**পরিচালনা ও প্রশাসন**

৫। (১) সংস্থার পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা পরিষদের উপর ন্যস্ত থাকিবে এবং সংস্থা যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) সংস্থা উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত নীতি অনুসরণ করিবে।

**প্রধান পৃষ্ঠপোষক**

৬। সংস্থার একজন প্রধান পৃষ্ঠপোষক থাকিবেন এবং তিনি রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত হইবেন।

**কার্যাবলী**

৭। সংস্থার কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :-

ক) জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা;

(খ) মহিলাগণের জন্য কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা;

(গ) অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনে মহিলাগণকে সহায়তা দান করা;

(ঘ) মহিলাগণের আইনগত অধিকার রক্ষার্থে সাহায্য করা;

(ঙ) পরিবার কল্যাণমূলক ব্যবস্থাদি গ্রহণে মহিলাগণকে উদ্‌বুদ্ধ করা;

(চ) মহিলা কল্যাণে নিয়োজিত সরকারী ও বেসরকারী, দেশী ও বিদেশী প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন করা ও সহযোগিতা করা;

(ছ) জাতীয় উন্নয়ন কর্মকান্ডে মহিলাগণকে সম্পৃক্ত করার জন্য চেষ্টা করা;

(জ) সমবায় সমিতি গঠন ও কুটির শিল্প স্থাপনে মহিলাগণকে উত্সাহিত করা;

(ঝ) ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে মহিলাগণের অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি করা;

(ঞ) মহিলাগণের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সম্মেলন, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা করা;

(ট) উপরিউক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

**পরিচালনা পরিষদ**

৮। (১) পরিচালনা পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) সরকার কর্তৃক মনোনীত একজন চেয়ারম্যান;

(খ) পরিচালনা পরিষদের সদস্যগণ কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত একজন ভাইস-চেয়ারম্যান;

(গ) প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষিকাগণের মধ্য হইতে দুইজন করিয়া বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত সদস্য;

(ঘ) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত মহিলা সংগঠনসমূহ হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত পাঁচজন সদস্য;

(ঙ) সমাজ সেবায়, সাহিত্য ও শিল্প কর্মে, সংস্কৃতি চর্চায় এবং বিভিন্ন পেশায় নিয়োজিত মহিলাগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত পাঁচজন সদস্য;

(চ) মহিলা বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন প্রতিনিধি;

(ছ) অর্থ মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন প্রতিনিধি;

(জ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন প্রতিনিধি;

(ঝ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন প্রতিনিধি;

(ঞ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন প্রতিনিধি;

(ট) জেলা কমিটিসমূহের চেয়ারম্যানগণ, পদাধিকার বলে;

(ঠ) সংস্থার নির্বাহী পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) চেয়ারম্যান এবং উপ-ধারা (১)(ঙ) এ উল্লিখিত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বত্সরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় কোন কারণ না দর্শাইয়া তাহাদিগকে তাহাদের পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং তাহারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**নির্বাহী কমিটি**

৯। (১) সংস্থার একটি নির্বাহী কমিটি থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) পরিষদের চেয়ারম্যান, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) পরিষদের ভাইস-চেয়ারম্যান;

(গ) পরিচালনা পরিষদের সদস্যগণের মধ্য হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত চারজন সদস্য;

(ঘ) সরকার কর্তৃক মনোনীত চারজন বিশিষ্ট মহিলা;

(ঙ) মহিলা বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন প্রতিনিধি;

(চ) সংস্থার নির্বাহী পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১)(ঘ) এ উল্লিখিত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বত্সরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় কোন কারণ না দর্শাইয়া তাহাদিগকে তাহাদের পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং তাহারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৩) নির্বাহী কমিটি পরিষদকে উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের জন্য পরামর্শ ও সহায়তা প্রদান করিবে, পরিষদের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে এবং পরিষদ কর্তৃক অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

**জেলা কমিটি**

১০। (১) প্রত্যেক জেলায় সংস্থার একটি জেলা কমিটি থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) জেলা পরিষদের মহিলা সদস্যগণ;

(খ) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;

(গ) উপজেলা কমিটিসমূহের চেয়ারম্যানগণ, পদাধিকার বলে;

(ঘ) জেলায় কর্মরত শিক্ষিকাগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য;

(ঙ) জেলায় সমাজ সেবায় রত মহিলাগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য;

(চ) জেলায় মহিলা কল্যাণে নিয়োজিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী সংগঠনের সদস্যগণের মধ্য হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত দুইজন সদস্য;

(ছ) জেলার বিশিষ্ট মহিলাগণের মধ্য হইতে মনোনীত তিনজন সদস্য।

(২) জেলা কমিটির সদস্যগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য উহার চেয়ারম্যান হইবেন এবং তিনি তাহার মনোনয়নের তারিখ হইতে, কমিটির সদস্য থাকা সাপেক্ষে, দুই বত্সর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় কোন কারণ না দর্শাইয়া তাঁহাকে তাঁহার পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং তিনিও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) (ঘ), (ঙ) ও (ছ) এ উল্লিখিত সদস্যগণ ডেপুটি কমিশনারের সুপারিশক্রমে সরকার কর্তৃক মনোনীত হইবেন।

(৪) জেলা কমিটির মনোনীত সদস্যগণ জেলার স্থায়ী বাসিন্দা হইবেন এবং তাহারা তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বত্সর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় কোন কারণ না দর্শাইয়া তাহাদিগকে তাহাদের পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং তাহারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**উপজেলা কমিটি**

১১। (১) প্রত্যেক উপজেলায় সংস্থার একটি উপজেলা কমিটি থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) উপজেলা পরিষদের মহিলা সদস্যগণ;

(খ) উপজেলার ইউনিয়ন পরিষদসমূহের মহিলা সদস্যগণের মধ্যে হইতে ছয়জন সদস্য;

(গ) উপজেলায় কর্মরত শিক্ষিকাগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য;

(ঘ) উপজেলায় সমাজ সেবায় রত মহিলাগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য;

(ঙ) উপজেলায় মহিলা কল্যাণে নিয়োজিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী সংগঠনের সদস্যগণের মধ্য হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত একজন সদস্য;

(চ) উপজেলার বিশিষ্ট মহিলাগণের মধ্য হইতে মনোনীত তিনজন সদস্য।

(২) উপজেলা কমিটির সদস্যগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য উহার চেয়ারম্যান হইবেন এবং তিনি তাহার মনোনয়নের তারিখ হইতে, কমিটির সদস্য থাকা সাপেক্ষে, দুই বত্সর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় কোন কারণ না দর্শাইয়া তাহাকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং